গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(ডিপিডিসি)
এইচআর শাখা

মুজিব বর্ষকে সামনে রেখে ডিপিডিসি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	বিকাশ দেওয়ান ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১০.০৩.২০২১খ্রি.
সভার সময়	দুপুর ১২.৩০ টায়
স্থান	ভার্চুয়াল প্লাটফর্ম (Zoom)
উপস্থিতি	০১। জনাব গোলাম মোস্তফা, এক্সিকিউটিভ ডিরেক্টর (ফাইন্যান্স) ও এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিন এন্ড এইচ.আর), অতিরিক্ত দায়িত্ব, ডিপিডিসি। ০২। জনাব মো: গিয়াস উদ্দিন জোয়ার্দার এক্সিকিউটিভ ডিরেক্টর (ইঞ্জিনিয়ারিং), ডিপিডিসি। ০৩। জনাব মোঃ রবিউল হাসান, জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং), ডিপিডিসি। ০৪। জনাব মোহাম্মদ হাসনাত চৌধুরী, জেনারেল ম্যানেজার (এইচ.আর), ডিপিডিসি। ০৫। জনাব মো: আসাদুজ্জামান, কোম্পানি সচিব, ডিপিডিসি। ০৬। জনাব সৈয়দ আশরাফ আলী, প্রধান প্রকৌশলী (নর্থ), ডিপিডিসি। ০৭। জনাব মোঃ কামরুল আজম, প্রধান প্রকৌশলী (সাউথ), ডিপিডিসি। জনাব এ. এফ. এম. মবিন, প্রধান প্রকৌশলী (সেন্ট্রাল), ডিপিডিসি। ০৮। জনাব এ এইচ এম মহিউদ্দিন, প্রধান প্রকৌশলী, প্ল্যানিং এন্ড ডিজাইন ০৯। জনাব মো: মাহবুবুর রহমান, প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর, [অতিরিক্ত দায়িত্ব] ডিপিডিসি। ১০। মিজ কামরুন নাহার, ডিজিএম (এইচ.আর), এমপ্লয়ি রিলেশন্স এন্ড ডিসিপ্লিন, ডিপিডিসি। ১১। জনাব মোঃ শামীমুল হক, ডিজিএম (এইচ.আর), পাবলিক রিলেশন্স, ডিপিডিসি। ১২। জনাব ডাঃ শেখ মঈনুল হোসেন, চিফ মেডিক্যাল অফিসার, ডিপিডিসি ও আরো অন্যান্য কর্মকর্তা।

আলোচ্যসূচি :

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মুজিব বর্ষে গৃহীত কর্মপরিকল্পনাসমূহের অগ্রগতি নিয়ে দফা ওয়ারি উপস্থাপনের দিক নির্দেশনা প্রদান করেন। নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	পরিকল্পনা/গৃহীত কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত এবং বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/দপ্তর

০১	ভ্যান এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম পরিচালনা	গত ০১.০১.২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী চিফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) কর্তৃক ভ্যানের মাধ্যমে সেবা প্রদান কার্যক্রমের অগ্রগতি নিয়ে জানতে চাওয়া হলে সভায় অবহিত করা হয় যে অত্র বিষয়ে এখনও কার্যক্রম শুরু করা হয়নি। যেহেতু আগামী ১৭ই মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন সুতরাং উক্ত দিনটিকে স্বরণীয় করে রাখার লক্ষ্যে ডিপিডিসি'র কোম্পানি সচিব কর্তৃক 'ভ্রাম্যমান সেবা কেন্দ্র' উদ্বোধন/চালু এর প্রস্তাবনা করেন এবং সংশ্লিষ্ট বিষয়ে একটি বিস্তারিত কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। কর্মপরিকল্পনায় জানানো হয়, ডিপিডিসি'র চিফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) কর্তৃক একটি করে মোট ০৩টি ভ্যান এর মাধ্যমে বিদ্যুৎ সংশ্লিষ্ট সেবা কার্যক্রম পরিচালনাসহ ডিপিডিসি'র গৃহীত ও গৃহীতব্য উন্নয়নমুলক কার্যক্রম এর প্রচারনা করবেন। পরিকল্পনায় আরো বলা হয়, ভ্যান সেবা কার্যক্রমে বৈদ্যুতিক দূর্ঘটনা রোধে সচেতনতার বিষয়টি গুরুত্বসহকারে প্রচারনা করা হবে।	০১। প্রত্যেক নির্বাহী প্রকৌশলী, এনওসিএস দপ্তর হতে জেনারেল ম্যানেজার (আইসিটি) বরাবর ০২ জন করে এমপ্লয়ীর তালিকা প্রেরণ করবেন যারা ভ্যান এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম পরিচালনার সাথে সংশ্লিষ্ট থাকবেন। ২। জেনারেল ম্যানেজার (আইসিটি) ভ্যান এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম এ করণীয় ও কর্মপদ্ধতি নিয়ে আগামী শনিবার -১৩.০৩.২০২১খ্রি. তারিখে সিদ্ধান্ত ০১-এ প্রেরিত এমপ্লয়ী ও সংশ্লিষ্ট অন্যান্যদের নিয়ে একটি ওয়ার্কশপ করবেন। ০৩। ভ্যান এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম প্রোগ্রামটি বাস্তবায়নে নিম্নবর্ণিত পদবীর এমপ্লয়ীদের সমন্বয়ে প্রত্যেক চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস জোনে একটি করে মোট ০৩টি কমিটি গঠন করা হবে যারা সংশ্লিষ্ট প্রোগ্রামটি তাদের জোন-এ বাস্তবায়ন করবেন: # সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার # উপ-বিভাগীয় প্রকৌশলী # সহকারী প্রকৌশলী # সহকারী ম্যানেজার (আইসিটি) # উপ-সহকারী প্রকৌশলী ০৪। আগামী ১৭ই মার্চ 'ভ্যান এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম' প্রোগ্রাম এর উদ্বোধন করা হবে এবং ১৬ই মার্চ MOCK অনুষ্ঠান পরিচালনা করা হবে।
০২	মুজিব বর্ষ উপলক্ষ্যে ০১ ঘন্টা অতিরিক্ত দপ্তর সময়/কার্যসময়	সভায় বলা হয়, সংশ্লিষ্ট বিষয়ে গত ২৪.০২.২০২০খ্রি. এবং ২৩.১২.২০২০খ্রি. তারিখে সার্কুলার জারি করা হয়। সভায় জানানো হয় এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে।	চলমান আছে এবং মন্ত্রণালয়ের নির্দেশিত সময়সীমা পর্যন্ত কার্যক্রম চলমান থাকবে।
০৩	প্রধান কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণার্থে একটি বঙ্গবন্ধু কর্ণার স্থাপন।	সভায় বলা হয়, গত ২৩.০২.২০২০খ্রি. তারিখে ডিপিডিসির প্রধান কার্যালয় ভবনে মুজিব কর্ণার স্থাপন এবং উদ্বোধন করা হয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন।	কার্যক্রম গৃহীত

০৪	ডিপিডিসি কর্তৃক আইসিডিডিআরবির সহযোগীতায় আয়োজিত হেপাটাইটিস বি ভাইরাস স্ক্রিনিং ও ভ্যাক্সিনেশন প্রোগ্রাম এর আয়োজন।	সভায় জানানো হয়, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে হেপাটাইটিস বি ভাইরাস এর স্থগিতকৃত ৩য় ডোজটি সম্পন্ন করা হয়েছে।	কার্যক্রম গৃহীত
০৫	ডিপিডিসি কর্তৃক সন্ধানী ঢাকা মেডিক্যাল কলেজ শাখার সহযোগীতায় ব্লাড ডোনেশন প্রোগ্রামের আয়োজন	সভায় উল্লেখ করা হয়, করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির কারণে গত ২৩.০৩.২০২০খ্রি. তারিখে মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহীত ব্লাড ডোনেশন প্রোগ্রামটি স্থগিত করা হয়েছে। পরবর্তীতে পরিস্থিতি স্বাভাবিক হলে সংশ্লিষ্ট প্রোগ্রামটি আয়োজন করা হবে মর্মে সভায় জানানো ও হয় ।	কার্যক্রম গৃহীত
০৬	মুজিব বর্ষ উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার পুরস্কার প্রদান অনুষ্ঠান (সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ প্রতিযোগিতা ও খেলাধুলা)	সভায় জানানো হয়, মুজিব বর্ষ উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে এবং পুরস্কার প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।	কার্যক্রম গৃহীত
০৭	প্রতিটি এনওসিএস এ একটি করে ফিডার নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা চিহ্নিত করত:	সভায় জানানো হয়, সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেক এনওসিএস এর একটি করে ফিডারকে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা হয়েছে এবং এতদসংক্রান্ত লিস্ট সরবরাহ করা হয়েছে। সভায় বলা হয়, সংশ্লিষ্ট উদ্যোগটি ফলপ্রসূ করার লক্ষ্যে মাঠ পর্যায়ের দপ্তরসমূহ প্রয়োজনীয় ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন এবং তা বাস্তবায়ন করবেন।	১। প্রতিটি এনওসিএস এর নির্বাচিত ফিডারটি নিরবচ্ছিন্ন করার জন্য কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে সে সংক্রান্ত প্রতিবেদন আগামী এক সপ্তাহের মধ্যে সিসিও ব্যবস্থাপনা পরিচালক এবং অনুলিপি জেনারেল ম্যানেজার (এইচ.আর) বরাবর প্রদান করতে হবে। বাস্তবায়ন: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) তত্ত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স)

০৮	গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশনকে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা	সভায় জানানো হয় গ্রীন রোড ডরমিটরি সাবস্টেশন কে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের আওতায় নিয়ে আসার লক্ষ্যে জিগাতলা সাবস্টেশন থেকে বিকল্প বিদ্যুৎ সরবরাহ লাইন স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। জিগাতলা সাব-স্টেশনটি চালু করা হলে সংশ্লিষ্ট সাব-স্টেশন থেকে গ্রীন রোড ডরমিটরি সাবস্টেশনে বিকল্প লাইন হিসেবে বিদ্যুৎ সরবরাহ কার্যক্রম শুরু করা হবে। সভায় জানানো হয় বর্তমানে মগবাজার সাব-স্টেশন থেকে গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশনে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। সভায় গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশন এর অভ্যন্তরে অবস্থিত ভেন্ডিং স্টেশনটি রিস্ট্রাকচারিং এর বিষয়ে অগ্রগতি জানতে চাওয়া হলে সভায় অবহিত করা হয় যে, সংশ্লিষ্ট কার্যক্রমটি চলমান রয়েছে।	সিদ্ধান্ত: এ বিষয়ে সত্বর কার্যক্রম সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করা হলো। বাস্তবায়ন: চিফ ইঞ্জিনিয়ার, গ্রীড ও তত্বাবধায়ক প্রকৌশলী সিভিল তত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স) ও চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ)
০৯	সি এস আর এর আওতায় সরকারী প্রাইমারী স্কুল এবং অটিস্টিক বাচ্চাদের স্কুলে সোলার প্যানেল প্রদান	সভায় জানানো হয়, সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে বঙ্গভবন প্রাথমিক বিদ্যালয় হতে প্রদত্ত চিঠির এখন পর্যন্ত কোন ফিডব্যাক পাওয়া যায়নি। সভায় আরো জানানো হয় স্রেডা, সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে সোলার স্থাপনের জন্য মডেল তৈরি করছে ,মডেল প্রস্তুত সম্পন্ন হলে প্রাথমিক বিদ্যালয়গুলোতে সোলার স্থাপন করা হবে মর্মে তথ্য পাওয়া যায়।	বাস্তবায়ন: এ.এইচ.এম মহিউদ্দিন, চিফ ইঞ্জিনিয়ার, প্ল্যানিং এন্ড ডিজাইন [অতিরিক্ত দায়িত্ব]
১০	মুজিব বর্ষ উপলক্ষ্যে আলোচনা সভা- "বঙ্গবন্ধু ও নারীর ক্ষমতায়ন" এবং "নারীর ক্ষমতায়নে বঙ্গবন্ধু কন্যা"	সভায় জানানো হয়, ০৮.০৩.২০২০খ্রি. তারিখে ১ম অনুষ্ঠান এবং ০৮.০৩.২০২১খ্রি. তারিখে ২য় অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।	কার্যক্রম গৃহীত হয়েছে
১১	বিদ্যুৎ সাশ্রয় ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ ইত্যাদি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডিপিডিসি'র আওতাধীন স্কুল/কলেজ গুলোতে সচেতনতামুলক বিভিন্ন প্রোগ্রাম আয়োজন করা	সভায় অবহিত করা হয় যে, স্কুল/কলেজ খোলা হলে সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে।	ডিজিএম (এইচ.আর) পাবলিক রিলেশন্স

১২	ডিপিডিসি’র আওতাধীন এলাকাকে দূর্ঘটনা মুক্ত এলাকা (Accident Free Zone) হিসেবে গড়ে তুলার লক্ষ্যে special awareness program আয়োজন	সভায় জানানো হয়, কন্ট্রোল রুমে কর্মরত এমপ্লয়ীদের পাশাপাশি অন্যান্য এমপ্লয়ী এবং গণশুনানীর মাধ্যমে awareness building কার্যক্রম চলমান রয়েছে। সভায় আরো বলা হয় গত ০৭.০১.২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় বৈদ্যুতিক এবং নিরাপত্তা সম্পর্কিত বিভিন্ন কার্যক্রম সম্পাদনের সময় সেফটি গিয়ার পরিধান করে কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা অনুযায়ী সার্কুলার জারি করা হয়েছে।	কার্যকর চলমান থাকবে। বাস্তবায়ন: ১। চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং চীফ ইঞ্জিনিয়ার, গ্রীড সমন্বয়: সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট তত্ত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স)
১৩	গ্রাহকদের বিদ্যুৎ বিলের নিচে সচেতনতামুলক বিভিন্ন স্লোগান/পরামর্শ এবং বিলের সাথে বিদ্যুৎ সাশ্রয়ী ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ বিষয়ক বিভিন্ন পরামর্শ সম্বলিত লিফলেট/ভাজ প্রদান	সভায় জানানো হয় বর্তমানে বিদ্যুৎ বিলের নিচে বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ এবং গ্রাহক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এতদসংক্রান্ত বিভিন্ন পরামর্শ/স্লোগান দেয়া হচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে।	কার্যক্রম চলমান থাকবে বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)
১৪	ডিপিডিসি’র আওতাধীন সকল দপ্তরে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার বিষয়ে যাবতীয় কার্যক্রম গ্রহণ	সভায় অবহিত করা হয় যে, ডিপিডিসি'র দপ্তরসমূহ কর্তৃক পরিস্কার পরিচ্ছন্নতা ও সৌন্দর্য বর্ধণ বিষয়ে গৃহীত পদক্ষেপ/কার্যক্রম এর প্রতিবেদন দাখিলের জন্য পত্র/নির্দেশনা প্রদান করা হয়েছে। দপ্তরসমূহ হতে এ সংক্রান্ত রিপোর্ট সংগ্রহ করা হচ্ছে। সভায় জানানো হয়, জেনারেল ম্যানেজার (এইচ.আর) এর দপ্তরের পক্ষ হতে গত ০৯/০৩/২০২১খ্রি. তারিখে পরিস্কার পরিচ্ছন্নতা তদারকির লক্ষ্যে ১০ টি দপ্তর পরিদর্শন করা হয়।	কার্যক্রম চলমান থাকবে। বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং সকল দপ্তর প্রধান
১৫	বাসায় অবস্থানকারী মহিলা (Home Maker) দের মধ্যে বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে নিরাপত্তা, বিদ্যুৎ সাশ্রয় ইত্যাদি সংক্রান্ত সচেতনতা বাড়ানোর জন্য special awareness program এর আয়োজন করা	সভায় জানানো হয়, আগামী ১৪.০৩.২০২১খ্রি. তারিখে চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ) এর দপ্তর-এ বাসায় অবস্থানকারী নারী (Home Maker) দের নিয়ে বৈদ্যুতিক দূর্ঘটনা রোধে সচেতনতামুলক প্রোগ্রাম এর আয়োজন করা হবে। ডিজিএম (এইচ.আর) ইআর এন্ড ডি জানান প্রধান প্রকৌশলী (উত্তর) এর সাথে আলোচনা করে ১৪.০৩.২০২১ নির্ধারণ করা হয়েছে এবং তার দপ্তরে আয়োজন করা হবে।	সিদ্ধান্ত: আগামী ১৪.০৩.২০২১খ্রি. তারিখে চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ) এর দপ্তরে সংশ্লিষ্ট বিষয়ে প্রোগ্রাম অনুষ্ঠিত হবে। বাস্তবায়ন: ডিজিএম (এইচ.আর) এমপ্লয়ি রিলেশন্স এন্ড ডিসিপ্লিন

১৬	গ্রাহক কর্তৃক টেলিফোন, লিখিত, ই-ইমেল, ফেইসবুক ইত্যাদির মাধ্যমে প্রদত্ত অভিযোগসমূহ যথাযথ দ্রুত নিষ্পন্ন করতে হবে।	গ্রাহকদের কাছ প্রাপ্ত সকল অভিযোগ এর সমাধান/নিষ্পত্তি করা হচ্ছে। তাছাড়া কমপ্লেন ম্যানেজমেন্ট সফটওয়্যার এবং অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহেরও যথাসময়ে নিষ্পন্ন করা হচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান থাকবে বলে সভায় উল্লেখ করা হয়।	বাস্তবায়ন: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)
১৭	কল সেন্টারকে আরো কার্যকরীরূপে গড়ে তোলা।	সভায় জানানো হয়, ডিপিডিসি'র বিদ্যমান কল সেন্টার (১৬১১৬) এর মাধ্যমে গ্রাহক অভিযোগসহ গ্রাহকের বিভিন্ন জিজ্ঞাসা এবং সমস্যার সমাধান করা হচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান থাকার পাশাপাশি ডিপিডিসি'র কল সেন্টারকে আরো কার্যকরীরূপে গড়ে তোলা এবং কল সেন্টারকে আরো স্ট্যান্ডারডাইজড করার পরামর্শ প্রদান করা হয়। জিএম (আইসিটি) জানান কল সেন্টারকে কার্যকরী করার জন্য উপযুক্ত ও দক্ষ জনবল প্রয়োজন।	বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) ও ডিজিএম (এইচ.আর), এমপ্লয়ি ম্যানেজমেন্ট (জনবল পদায়ন)
১৮	ডিপিডিসিকে একটি নিরাপদ ও পরিবেশ বান্ধব ইউটিলিটিতে রূপান্তর এবং একই সাথে ওভারহেড লাইনসমূহকে আন্ডারগ্রাউন্ড এ স্থাপনের পরিকল্পনার অংশ হিসেবে মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে ০১ (এক) টি Oil filled pole mounted distribution transformers কে Oil free dry (cast resin) type flame proof transformer দ্বারা পরিবর্তন করা	সভায় জানানো হয়, ডিপিডিসিতে এখন পর্যন্ত ৪টি mono pole ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে। এর মধ্যে জিগাতলা-২টি, লালবাগ-১টি এবং সাভার এ ১টি। সভায় বলা হয়, উল্লেখিত Mono Pole ট্রান্সফর্মারসমূহের পরে আর কোন মনোপোল ট্রান্সফর্মার স্থাপনের জন্য দায়িত্বপ্রাপ্ত কেউ উদ্যোগ গ্রহণ করেননি। সভায় স্থাপিত Mono Pole ট্রান্সফর্মারসমূহের কার্যকরীতা পর্যবেক্ষণপূর্বক এ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষকে পরামর্শ প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী, এনওসিএস- এর দৃষ্টি আকর্ষণ করেন। সভায় আরো জানানো হয়, আগামী ১৫ দিনের মধ্যে এনার্জিপ্যাক হতে Oil free dry (cast resin) transformer সংগ্রহ করা যাবে মর্মে পিডি জিটুজি কর্তৃক অবহিত করা হয়।	**সিদ্ধান্ত:** ১। মনো-পোল ট্রান্সফর্মারসমূহের কার্যকারীতা পর্যবেক্ষণপূর্বক এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ এবং সংশ্লিষ্ট অন্যান্য এমপ্লয়ীগণ এ সংক্রান্ত বিষয়ে আগামী ০১ সপ্তাহের মধ্যে সিসিও বরাবর তথ্য উপাত্ত সরবরাহ করবেন। ২। আগামী ১৫ কর্মদিবসের মধ্যে Oil free dry (cast resin) transformer ট্রান্সফর্মার সংগ্রহ করা হবে। বাস্তবায়ন: সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট
১৯	মুজিব বর্ষ (২০২০) কে সামনে রেখে ট্রেইলার মাউন্টেড/ মোবাইল/ মূভেবল ৩৩/১১ কেভি সাব-স্টেশন সংগ্রহ করা	সভায় জানানো হয়, সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।ট্রেইলার মাউন্টেড/ মোবাইল/ মূভেবল ৩৩/১১ কেভি সাব-স্টেশন সংগ্রহের লক্ষ্যে আর্থিক মূল্যায়ন কার্যক্রম পর্যায়ে রয়েছে। সভায় সংশ্লিষ্ট বিষয়ে দ্রুত পদক্ষেপ নিয়ে কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে তাগাদা প্রদান করা হয়।	বাস্তবায়ন: চিফ ইঞ্জিনিয়ার (প্ল্যানিং এন্ড ডিজাইন) এবং সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট

২০	ওয়েব সাইটে মুজিব বর্ষ উপলক্ষ্যে বিশেষ প্রচার ব্যবস্থা	সভায় জানানো হয়, মুজিব বর্ষের কার্যক্রম প্রচার-প্রচারণার জন্য ডিপিডিসি'র ওয়েবসাইটে মুজিব কর্ণার স্থাপন করা হয়েছে। মুজিব বর্ষে গৃহীত কার্যক্রমসমূহ ওয়েবসাইটের হালনাগাদ করা হচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে বলে সভায় উল্লেখ করা হয়।	কার্যক্রম চলমান থাকবে। বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)
২১	দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স, দুর্নীতি রোধ এবং শুদ্ধাচার চর্চাকে উৎসাহিত করার লক্ষ্যে দুর্নীতি বিরোধী এবং শুদ্ধাচার চর্চার উপর বিভিন্ন পোস্টার, লিফলেট ব্যানার ইত্যাদি তৈরি করে প্রচারণা	সভায় জানানো হয়, শুদ্ধচার সম্পর্কিত পূর্বের স্থাপিত ব্যানার প্রদর্শিত অবস্থায় রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। নতুন করে ব্যানার প্রস্তুত করা হয়েছে এবং মাঠ পর্যায়ে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সরবরাহকৃত ব্যানার প্রদর্শিত অবস্থায় স্থাপিত/রাখা হয়েছে কিনা তা তদারকির জন্য গত ০৯.০৩.২০২১খ্রি. তারিখে জেনারেল ম্যানেজার (এইচ.আর) এর দপ্তর এর পক্ষ হতে দৈবচয়ন ভিত্তিতে পরিদর্শন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। সভাপতি শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংশ্লিষ্ট বিষয়ে একটি সেমিনার আয়োজনের জন্য জেনারেল ম্যানেজার (এইচ.আর) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত সেমিনারে সংশ্লিষ্ট বিষয়ে দুই বা ততোধিক স্বনামধন্য ব্যক্তিবর্গকের অতিথি বক্তা রাখার বিষয়ে পরামর্শ প্রদান করেন।	সিদ্ধান্ত: ১। অতিথি বক্তা হিসেবে স্বনামধন্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে শুদ্ধাচার এবং দুর্নীতি প্রতিরোধ বিষয়ক আলোচনা সভা/সেমিনার আয়োজন করা হবে। বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (এইচ.আর) এবং সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার (ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট)

২২	ক)মুজিব বর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ সেক্টরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পরিকল্পনা ও অবদান ইত্যাদি নিয়ে একটি বিশেষ পাবলিকেশন্স প্রস্তুত করা; খ) মুজিব বর্ষকে সামনে রেখে ডিপিডিসি’র ১২ বছর পুর্তি উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিদ্যুৎ সেক্টরে অবদান এবং ভবিষ্যৎ পরিকল্পনা সেইসাথে ডিপিডিসি’র ১২ বছরের অর্জন / কার্যক্রম ইত্যাদি নিয়ে একটি বিশেষ প্রচারণা কার্যক্রম তৈরি করা।	সভায় অবহিত করা হয় মুজিব বর্ষ উপলক্ষ্যে বিশেষ পাবলিকেশন্স প্রকাশের লক্ষ্যে ডিপিডিসি'র বিভিন্ন কর্মকর্তা নিকট হতে লেখা আহ্বান করা হয়েছে। সভায় জানানো হয় এখন পর্যন্ত কারো কাছ থেকে লেখা পাওয়া যায়নি। সভায় আগামী ২৬ই মার্চের পূর্বে লেখাগুলো সংগ্রহপূর্বক এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটি এবং ডিজিএম (পি.আর) এবং ডিজিএম (ই আর এন্ড ডি) কে পরামর্শ প্রদান করেন।	সিদ্ধান্ত: আগামী ২৬ই মার্চের পূর্বে ডিজিএম (পি.আর) এবং ডিজিএম (ই আর এন্ড ডি) আহ্বানকৃত লেখাগুলো সংগ্রহ করবেন এবং এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। বাস্তবায়ন: সংশ্লিষ্ট দু'টি কমিটি। ক) ১২.০৮.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত মুজিব বর্ষের ৩য় সভার আলোচ্যসূচী ক্রমিক নম্বর ২১ এর মাধ্যমে গঠিত কমিটি। খ) সূত্র নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৩.২৩.০০১.২০.৪৬ তারিখ: ১৯.০৬.২০২০খ্রি. এর মাধ্যমে গঠিত কমিটি
২৩	মুজিব বর্ষ উপলক্ষ্যে গ্রাহক সমাবেশ এর আয়োজন	সভায় বলা হয়, মুজিব বর্ষকে সামনে রেখে বেশি করে গণশুনানীর আয়োজন করতে হবে। সভায় জানানো হয়, ফেব্রুয়ারী ২০২১খ্রি তারিখ পর্যন্ত মোট ৩৬ টি গনশুনানী আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে মোট ২২ টি গনশুনানী আয়োজন করা হয়েছে। সভায় আরো উল্লেখ করা হয়, গণশুনানীসহ সংশ্লিষ্ট তথ্য চাওয়া হলে কিছু এনওসিএস হতে যথাসময়ে তথ্য পাওয়া গেলেও বেশির ভাগ এনওসিএস হতে যথাসময়ে তথ্য পাওয়া যায় না ফলে মন্ত্রণালয়ে যথাসময়ে এবং পূর্ণাঙ্গ রিপোর্টিং বাধাগ্রস্থ হয়। ডিজিএম (ফাইন্যান্স)-রেগুলেটরি এফেয়ার্স বলেন যে, সভার তারিখ, সময় পূর্বেই বিদ্যুৎ বিভাগকে জানাতে হবে যাতে প্রয়োজনে বিদ্যুৎ বিভাগ হতে প্রতিনিধি এ সভায় উপস্থিত থাকতে পারেন।	সিদ্ধান্ত: ১। মুজিব বর্ষকে সামনে রেখে এনওসিএস দপ্তর সমূহ গণশুনানী আয়োজন উপর বিশেষ গুরুত্ব প্রদান করবে এবং গণশুনানীসহ যাচিত অন্যান্য তথ্য সমূহ যথাসময়ে প্রেরণের বিষয়ে যত্নবান হবেন। ২। গণশুনানী/গ্রাহক সমাবেশ, স্টেকহোল্ডার সভা ইত্যাদি নোটিশের কপি সভা অনুষ্ঠানের পূর্বে বিদ্যুৎ বিভাগ, জেনারেল ম্যানেজার (এইচ.আর), ডিজিএম (ফাইন্যান্স)-রেগুলেটরি এফেয়ার্স দপ্তরে প্রদান করতে হবে। বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) তত্বাবধান: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল)

২৪	বস্তি এলাকায় অস্থায়ী মেডিক্যাল ক্যাম্প/সুবিধা ও প্রিপেইড মিটার এর মাধ্যমে বিদ্যুৎ সংযোগ প্রদান	সভায় জানানো হয় করোনা ভাইরাস পরিস্থিতির কারণ সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রম স্থগিত রয়েছে।	বাস্তবায়ন: নির্বাহী পরিচালক (অপারেশন্স)
২৫	ইনোভেশন কমিটি কর্তৃক দাখিলকৃত ইনোভেশন বিষয়ক আইডিয়া যাচাই বাছাই পূর্বক বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও কার্যক্রম গ্রহণ	সভায় বলা হয়, ইনোভেশন কার্যক্রম এর আওতায় গৃহীত SAIDI, SAIFI অটোমেশন এর কার্যক্রম চলমান রয়েছে। আগামী এপ্রিল মাসের মধ্যে গৃহীত ১৭২ টি ফিডারকে অটোমেশন এর আওতায় নিয়ে আসা হবে মর্মে সভায় জানানো হয়।	বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) সমন্বয়: জেনারেল ম্যানেজার (আইসিটি)
২৬	বিলিং ব্যবস্থাপনার উৎকর্ষতা সাধন	সভায় জানানো হয়, নির্ধারিত সময়ের মধ্যে (মাসের ১৩ তারিখ) গ্রাহকের নিকট বিল পৌছে দেয়া হচ্ছে। বিগত মাসগুলোতে বিদ্যুৎ বিলের বিষয়ে কোন অভিযোগ পাওয়া যায়নি মর্মে সভায় জানানো হয়। সভাপতি বিলিং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে মিটার রিডার কর্তৃক মোবাইল এ ধারণকৃত স্ন্যাপশট সমূহ যথাযথ তদারকির জন্য পরামর্শ প্রদান করেন। সভাপতি এ সময় নির্ধারিত সময়ের মধ্যে গ্রাহকের নিকট বিল পৌছে দেওয়ার উপর গুরুত্বারোপ করেন। সভাপতি বিলিং ব্যবস্থাপনার উৎকর্ষতার লক্ষ্যে প্রয়োজনীয় তদারকি এবং কার্যকরি ব্যবস্থা গ্রহণ এর জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানানো হয়।	বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) তত্ত্বাবধান: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং জিএম (আইসিটি,এনার্জি এন্ড মিটারিং)
২৭	সরকারি প্রকল্প-গৃহহীনদের জন্য আশ্রায়ণ	মুজিব বর্ষকে সামনে রেখে গৃহহীনদের আশ্রায়ণের সরকারি প্রকল্পে ডিপিডিসি'র এমপ্লয়ীগণ কর্তৃক ১৬ টি গৃহ নির্মানের লক্ষ্যে ২৮,৫২,০০০/- টাকা অর্থ প্রদান করা হয়েছে। সভায় জানানো হয়, গৃহ নির্মানের লক্ষ্যে পূর্বের তুলনায় বাজেট বৃদ্ধি পাওয়ায় আরো প্রায় ২.০৪ লক্ষ টাকা প্রয়োজন। সভায় যে সকল এমপ্লয়ী এখনও নির্ধারিত চাঁদা প্রদান করেননি তাদের স্বপ্রণোধিত হয়ে অসহায় গরীব মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যে নির্ধারিত অনুদান প্রদানের জন্য আহ্বান জানানো হয়।	সিদ্ধান্ত: যেসকল এমপ্লয়ী এখনও স্বপ্রনোদিত হয়ে নির্ধারিত চাঁদা/অনুদান প্রদান করেননি, অনতিবিলম্বে নির্ধারিত চাঁদা/অনুদান প্রদান করে এহেন মহৎ কাজে অংশগ্রহণ করবেন।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

বিকাশ দেওয়ান

ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৩.০৫.০০১.১৯.২২ তারিখ: ৪ চৈত্র ১৪২৭

১৮ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিসট্রেইশন এন্ড এইচ.আর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশন্স/ ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।

২) সকল চীফ ইঞ্জিনিয়ার /সকল জেনারেল ম্যানেজার / কোম্পানি সচিব, ডিপিডিসি।

৩) সিও টু ম্যানেজিং ডিরেক্টর/সকল সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার/সকল পিডি/ সকল ডিজিএম/ সিএমও, ডিপিডিসি।

৪) সকল নির্বাহী প্রকৌশলী, এনওসিএস, ডিপিডিসি।

৫) অফিস কপি/ মাস্টার ফাইল।

মোহাম্মদ হাসনাত চৌধুরী
জেনারেল ম্যানেজার (এইচ আর)